



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

পিএবিএক্স ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০, www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০২.০৪.০০.২৭৩.২০২০-১৯৪

তারিখ : ১৫/০৪/২০২০

বিষয় : করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় উদ্ভূত পরিস্থিতিতে সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মাঝে মানবিক সহায়তা ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ) ও শিশু খাদ্য ত্রয় বাবদ টাকা উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০৪৬.১৯-৪৪৭, তারিখ : ১৩/০৪/২০২০  
(খ) ঢাকা জেলা প্রশাসকের স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩১.১৯-৩৬১, তারিখ : ১৪/০৪/২০২০

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসের (COVID-19) প্রাদুর্ভাব মোকাবেলায় উদ্ভূত পরিস্থিতিতে খাদ্য নিরাপত্তা ঝুঁকি প্রশমনের নিমিত্ত ছিন্নমূল, দিনমজুর, কর্মহীন, শ্রমজীবী, রাস্তায় ভাসমান মানুষ, প্রতিবন্ধী, বয়স্ক ব্যক্তি, ভিক্ষুক, ভবঘুরে, রিক্সা চালক, ভ্যান গাড়ি চালক, পরিবহন শ্রমিক, রেস্টুরেন্ট শ্রমিক, ফেরিওলা, চায়ের দোকানদার ও অতিদরিদ্র সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠী পরিবারের মাঝে মানবিক সহায়তা হিসেবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত ত্রাণ কার্য (চাল) ১৭৫.০০০ (একশত পঁচাত্তর) মে. টন ও ত্রাণ কার্য (নগদ) ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত “মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩” এর অনুচ্ছেদ- ৮.১৪ মতে গঠিত “সিটি কর্পোরেশন ওয়ার্ড মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি” মাধ্যমে বিতরণ করার জন্য ৭৫টি সাধারণ ওয়ার্ডে সমহারে এবং শিশু খাদ্য ত্রয় বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সমাজকল্যাণ বিভাগ, ডিএসসিসি’র মাধ্যমে বিতরণ করার জন্য নিম্নরূপভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো :

চাল : ১৭৫ মে. টন = ১৭৫,০০০কেজি/৭৫ ওয়ার্ড = ২৩৩৩.৩৩ কেজি প্রতি ওয়ার্ড  
টাকা : ৮,০০,০০০/- = ৮,০০,০০০/৭৫ ওয়ার্ড = ১০,৬৬৬.৬৬ টাকা প্রতি ওয়ার্ড  
টাকা (শিশু খাদ্য) : ১,০০,০০০/- = সমাজকল্যাণ বিভাগ, ডিএসসিসি।

ক্রঃ নং	অঞ্চল	ওয়ার্ড	ত্রাণ কার্য (চাল)	ত্রাণ কার্য (নগদ)	শিশু খাদ্য ত্রয় বাবদ টাকা
			২৩৩৩.৩৩ কেজি প্রতি ওয়ার্ড	১০,৬৬৬.৬৬ টাকা প্রতি ওয়ার্ড	
০১.	০১	সাধারণ ওয়ার্ড- ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০ ও ২১ = ০৭টি	২৩৩৩.৩৩ X ০৭ = ১৬৩৩৩.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ০৭ = ৭৪,৬৬৬.০০ টাকা	শিশু খাদ্য ত্রয় বাবদ উপ-বরাদ্দকৃত (এক লক্ষ) টাকার শিশু খাদ্য সমাজকল্যাণ বিভাগ, ডিএসসিসি মাধ্যমে ত্রয় করে তা বিতরণ করতে হবে।
০২.	০২	সাধারণ ওয়ার্ড- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১২ ও ১৩ = ১২টি	২৩৩৩.৩৩ X ১২ = ২৮০০০.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ১২ = ১,২৮,০০০.০০ টাকা	
০৩.	০৩	সাধারণ ওয়ার্ড- ১৪, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩৫, ৩৬ ও ৩৭ = ১২টি	২৩৩৩.৩৩ X ১২ = ২৮০০০.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ১২ = ১,২৮,০০০.০০ টাকা	
০৪.	০৪	সাধারণ ওয়ার্ড- ৩০, ১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৪২ ও ৪৩ = ১১টি	২৩৩৩.৩৩ X ১১ = ২৫৬৬৭.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ১১ = ১,১৭,৩৩৩.০০ টাকা	
০৫.	০৫	সাধারণ ওয়ার্ড- ৭, ৩৯, ৪০, ৪১, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩ ও ৫৪ = ১৫টি	২৩৩৩.৩৩ X ১৫ = ৩৫০০০.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ১৫ = ১,৬০,০০০.০০ টাকা	
০৬.	০৬	সাধারণ ওয়ার্ড- ৭০, ৭৪ ও ৭৫ = ০৩টি	২৩৩৩.৩৩ X ৩ = ৭০০০.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ৩ = ৩২,০০০.০০ টাকা	
০৭.	০৭	সাধারণ ওয়ার্ড- ৭১, ৭২ ও ৭৩ = ০৩টি	২৩৩৩.৩৩ X ৩ = ৭০০০.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ৩ = ৩২,০০০.০০ টাকা	
০৮.	০৮	সাধারণ ওয়ার্ড- ৬৬, ৬৭, ৬৮ ও ৬৯ = ০৪টি	২৩৩৩.৩৩ X ৪ = ৯৩৩৩.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ৪ = ৪২,৬৬৭.০০ টাকা	
০৯.	০৯	সাধারণ ওয়ার্ড- ৬২, ৬৩, ৬৪ ও ৬৫ = ০৪টি	২৩৩৩.৩৩ X ৪ = ৯৩৩৩.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ৪ = ৪২,৬৬৭.০০ টাকা	
১০.	১০	সাধারণ ওয়ার্ড- ৫৮, ৫৯, ৬০ ও ৬১ = ০৪টি	২৩৩৩.৩৩ X ৪ = ৯৩৩৩.০০ কেজি	১০,৬৬৬.৬৬ X ৪ = ৪২,৬৬৭.০০ টাকা	
		সর্বমোট =	১৭৫.০০০ (একশত পঁচাত্তর) মে. টন	৮,০০,০০০.০০ (আট লক্ষ টাকা)	১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা)

(ক) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা উল্লেখিত বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের নামে এবং সমাজকল্যাণ কর্মকর্তার নামে অগ্রিম বরাদ্দ প্রদান করবেন।

চলমান পাতা-২



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

পিএবিএক্স ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০, www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০২.১৫.০১.৮০৪/২০২০

তারিখ : ১৫/০৪/২০২০

পাতা-২

- (খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উপ-বরাদ্দকৃত চাল স্থানীয় খাদ্য গুদাম/কলতাবাজার/তেজগাঁও হতে উত্তোলন করে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরগণের সমন্বয়ে গঠিত “সিটি কর্পোরেশন ওয়ার্ড মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি”র মাধ্যমে বিতরণের ব্যবস্থা করবেন। অগ্রিম বরাদ্দকৃত অর্থ যথাযথ খরচের পর সমন্বয়ের ব্যবস্থা করবেন।  
উল্লেখ্য, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত “মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩” এর অনুচ্ছেদ- ৮.১৪ মতে নিম্নরূপভাবে “সিটি কর্পোরেশন ওয়ার্ড মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি” রয়েছে :

সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর	সভাপতি
সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর	সদস্য
জেলা প্রশাসক কর্তৃক মনোনীত শিক্ষক প্রতিনিধি = ১ জন	সদস্য
জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (১ জন পুরুষ ও ১ জন মহিলা) = ২ জন	সদস্য
সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত ১জন ধর্মীয় নেতা (ইমাম/পুরোহিত/গীর্জার প্রধান ইত্যাদি)	সদস্য
সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকায় কর্মরত এনজিও কর্মী = ১ জন	সদস্য
সচিব, কাউন্সিলারের কার্যালয়	সদস্য-সচিব

- (গ) প্রতি ওয়ার্ডে উল্লিখিত বরাদ্দের মধ্যে সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর দুই-তৃতীয়াংশ এবং সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর এক-তৃতীয়াংশ বরাদ্দ বিতরণের জন্য তালিকা (সুবিধাভোগীর নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ) প্রস্তুতকরত: “সিটি কর্পোরেশন ওয়ার্ড মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি”র মাধ্যমে সম্মিলিতভাবে বিতরণ করবেন। বিতরণ শেষে সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর/সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর মাস্টাররোল এর একটি কপি নিজ নিজ কার্যালয়ে সংরক্ষণ করবেন এবং মাস্টাররোল এর একটি কপি সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।
- (ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ০২/৪/২০২০ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৬৩, ০৩/০৪/২০২০ তারিখের ৫১.০০.০০০০.২১১.১৮.০২০.২০.২৬১ ও মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণ পূর্বক সকল বিধি-বিধান পালন করা সহ নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব ও মাস্টাররোল তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- (ঙ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ১১/০৪/২০২০ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০১১.১৯-৯৫ ও ১৩/৪/২০২০ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০১১.১৯.৯৭নং স্মারকের বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (চ) বর্ণিত শিশু খাদ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮সহ সংশ্লিষ্ট সকল বিধিবিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (ছ) জি টু জি পদ্ধতিতে ক্রয়পূর্বক মিল্ক ভিটার উৎপাদিত গুড়োদুধ চলমান ত্রাণ কার্যে ত্রাণসামগ্রী হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।
- (জ) এছাড়া শিশু খাদ্য হিসেবে খেজুর, বিস্কুট, ফর্টিফাইড তেল, ব্রাউন চিনি, সুজি, মশুরির ডাল, সাগু, ফর্টিফাইড চাল, ওয়াটার পিউরিফাইড ট্যাবলেট, বাদাম, মানসম্মত রেডিমেড ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে।
- (ঝ) শিশু খাদ্য ক্রয় বাবদ উপ-বরাদ্দকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার শিশু খাদ্য সমাজকল্যাণ বিভাগ, ডিএসসিসি মাধ্যমে ক্রয় করে তা বিতরণ করতে হবে।
- (ঞ) বরাদ্দকৃত অর্থ বর্ণিত ক্রয় ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।
- (ট) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে ত্রাণ কার্য (চাল) এবং শিশু খাদ্য বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অবহিত করতে হবে।
- (ঠ) ছাড়কৃত অর্থে শিশু খাদ্য ক্রয় পূর্বক বিতরণ করতে হবে।
- (ড) উপ-বরাদ্দপত্র সিটি কর্পোরেশনের তথ্য বাতায়নে আপলোড করতে হবে।

  
চলমান পাতা-৩

আপনার শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌর কর পরিশোধ করুন।



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

পিএবিএক্স ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০, www.dsc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০২.০৪.০০.২৭৩.২০২০-১৮৪

তারিখ : ১৫/০৪/২০২০

পাতা-৩

(ঢ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসারে নিম্নোক্ত মাস্টাররোল ফরম অনুসরণ নিশ্চিত করতে হবে।

ক্র. নং	সহায়তা গ্রহণকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর	সহায়তার পরিমাণ	প্রাপকের স্বাক্ষর/সহি	মন্তব্য
১	২	৩	৪	৫

স্বাক্ষর :

সভাপতি, ওয়ার্ড কমিটি

স্বাক্ষর :

সদস্য-সচিব, ওয়ার্ড কমিটি

(গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতি ওয়ার্ডে ৫০০টি অসহায়, বস্তিবাসী, ভাসমান আটকে পড়া ও নিম্ন আয়ের পরিবারের মাঝে খাবার বিতরণ করার কর্মসূচি উপরোক্ত কর্মসূচির আওতায় আনা যাবে না।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ পত্র জারী করা হলো।

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা

অঞ্চল-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

১৫/০৪/২০২০  
(শাহ মোঃ ইমদাদুল হক)  
অতিরিক্ত সচিব  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

অনুলিপি সদয় অবগতি/ কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড....., সংরক্ষিত ওয়ার্ড....., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৩। মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৪। সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, ডিএসসিসি।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৮। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০২.০৪.০০.২৭৩.২০২০, তারিখ- ১৫/০৪/২০২০)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় সংসদ সদস্য নির্বাচনী এলাকা....., ঢাকা.....।
- ২। সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত আসন....., মহিলা আসন....., ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ঢাকা।
- ৮। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ১০। ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ জনসন রোড শাখা, ঢাকা।

১৫.৪.২০২০  
(মোহাম্মদ শাহাদাত হোসেন)  
সমাজকল্যাণ কর্মকর্তা  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

আপনার শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌর কর পরিশোধ করুন।